

🔳 আল-হিজর | Al-Hijr | ٱلْحِجْر

আয়াতঃ ১৫: ৯১

া আরবি মূল আয়াত:

الَّذِينَ جَعَلُوا القُرانَ عِضِينَ ﴿٩١﴾

যারা কুরআনকে বিভিন্ন অংশে ভাগ করেছিল।* — আল-বায়ান

যারা কুরআনকে (নিজেদের খেয়াল খুশিমত) ভাগ ভাগ করে ফেলেছে (যেটা ইচ্ছে মানছে, যেটা ইচ্ছে আমান্য করছে)। — তাইসিরুল

যারা কুরআনকে বিভিন্নভাবে বিভক্ত করেছে। — মুজিবুর রহমান

Who have made the Qur'an into portions. — Sahih International

* 'বিভিন্ন অংশে ভাগ করেছিল, অর্থাৎ কুরআনকে তারা বিভিন্ন নামে ও বিভিন্ন অভিধায় চি□□হ্নত করত, যেমন কেউ বলত, এটি যাদু, কেউ বলত, কবিতা, আবার কেউ বলত, গণকদের গণনা ইত্যাদি।

৯১. যারা কুরআনকে বিভিন্নভাবে বিভক্ত করেছে।(১)

(১) عضین শব্দের অর্থ করা হয়েছে, বিভক্ত। শব্দটির অন্য অর্থঃ জাদু, গল্প। [বাগভী] এ অর্থের সমর্থনে সীরাত গ্রন্থে এসেছে যে, ওয়ালীদ ইবনে মুগীরাহ কুরাইশের এক সমাবেশে হাজির হয়ে বললঃ হজ্জের মওসুম শুরু হয়ে গেছে। চতুর্দিক থেকে মানুষ এখন তোমাদের কাছে আসবে। এদিকে তোমাদের সাথী (মুহাম্মদ) সম্পর্কে তারা জেনে গেছে। তাই তোমরা তার ব্যাপারে একজোট হয়ে একটি মত পোষণ কর। তারা বললঃ তুমিই বল। সে বললঃ তোমরাই বল। তখন তারা বললঃ আমরা বলব সে গণক। তখন সে বললঃ সে গণক নয়।

তখন তারা বললঃ আমরা বলব সে পাগল। সে বললঃ না, সে তো পাগল নয়। তারা বললঃ আমরা বলব সে কবি। সে বলল, না সে কবিও নয়। তারা বললঃ আমরা বলব সে যাদুকর। সে বললঃ না, সে যাদুকরও নয়। তখন তারা বললঃ তাহলে আমরা কি বলব? সে বললঃ আল্লাহর শপথ তার কথায় আছে মাধুর্য, তোমরা যা-ই বল না কেন বুঝা যাবে যে তোমাদের কথাই বাতিল। তবে তার কথা যাদুকরের কাছাকাছি। এ কথার উপরই সবাই সেখান থেকে চলে গেল। আর এদিকে আল্লাহ তা'আলা তাদের সম্পর্কে নাযিল করলেনঃ "যারা কুরআন সম্পর্কে বিভিন্ন ভাগে বিভক্ত হয়েছে, কাজেই শপথ আপনার রবের! আমরা তাদের স্বাইকে প্রশ্ন করবই, সে বিষয়ে, যা তারা করে।" [বাগভী; সীরাতে ইবনে হিশাম]

তাফসীরে জাকারিয়া

(৯১) যারা কুরআনকে বিভিন্নভাবে বিভক্ত করেছে।



🗘 hadithbd.com — কুরআন — আল-হিজর। Al-Hijr الُحِجْر ।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1893

🗿 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন